



## চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দর, চট্টগ্রাম- ৪১০০

[www.cpa.gov.bd](http://www.cpa.gov.bd)

নথি নং- ১৮.০৪.০০০০.২৫০.১১.২৩৮(২).২০-২৮

তারিখ : ২২/০৬/২০২০ খ্রিঃ।

### নিয়োগপত্র

নির্বাচন/বাছাই কমিটির সুপারিশ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের হাসপাতালে কোভিড-১৯ এ আক্রান্ত রোগীদের চিকিৎসার নিমিত্তে করোনাকালীন সময়ের জন্য সর্বসাকুল্য বেতনে “সহকারী কুক” পদে ২ নং অনুচ্ছেদে বর্ণিত শর্তে নিম্নোক্ত প্রার্থীদের সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলোঃ-

রোল নং	নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা	পদায়নকৃত বিভাগ/কর্মস্থল
০১।	জনাব মোঃ আতিকুর রহমান চৌধুরী পিতা- মোস্তাফিজুর রহমান চৌধুরী	গ্রামঃ রত্নপুর, পোঃ ইলশা ৪৩৯৩, থানা- বাঁশখালী, চট্টগ্রাম। মোঃ০১৮১৭৭৫২৫৭২	গ্রামঃ রত্নপুর, পোঃ ইলশা ৪৩৯৩, থানা- বাঁশখালী, চট্টগ্রাম।	চিকিৎসা বিভাগ
০২।	জনাব মোঃ নূর হোসেন পিতা- নূর আলম	গ্রাম- চরভূতা, পো- বভানিগঞ্জ, লক্ষীপুর সদর, লক্ষীপুর।	দক্ষিণ খুলশী ডি আই পি আ/এ, পাহাড়তলী, খুলশী, চট্টগ্রাম	

- ২। এ নিয়োগের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী প্রযোজ্য হবেঃ
- ক। বেতনভাতা বাবদ প্রত্যেককে মাসিক সর্বসাকুল্য ২০,০০০/- (বিশ হাজার) টাকা পরিশোধ করা হবে। এছাড়া অন্য কোন আর্থিক সুবিধা প্রদান করা হবে না;
- খ। চিকিৎসা কাজে শিফট ভিত্তিক (সকাল/বিকাল/রাত্রি) দায়িত্ব পালন করতে হবে। তাছাড়া বন্দর হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় জারীকৃত আদেশ/নির্দেশ মেনে চলতে হবে;
- গ। এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী/সাময়িকভাবে প্রদান করা হলো। চাকুরী সন্তোষজনক বিবেচিত না হলে অথবা কোভিড-১৯ সংক্রমণ পরিস্থিতির উন্নতি হলে অথবা আপনার সার্ভিসের প্রয়োজনীয়তা না থাকলে যথাযথ কর্তৃপক্ষ আপনাকে যেকোন সময় চাকুরী থেকে অব্যাহতি দিতে পারবেন;
- ঘ। এই নিয়োগ কোনভাবেই চবক-এর রাজস্বখাতভুক্ত কোন পদে আত্মীকরণ/স্থায়ীকরণের অধিকার প্রদান করে না;
- ঙ। চাকুরীতে যোগদানের পূর্বে আপনাকে বন্দর কর্তৃপক্ষের প্রধান চিকিৎসা কর্মকর্তা কর্তৃক পরিচালিত ডাক্তারী পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে এবং আপনার বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ মূল দলিলাদি দাখিল করতে হবে।
- ৩। উপরোক্ত শর্তাদি গ্রহণযোগ্য হলে, আপনি চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ হাসপাতাল হতে শারীরিক যোগ্যতা পরীক্ষা সম্পন্ন করে শারীরিক যোগ্যতা সনদসহ আগামী ২৪/০৬/২০২০ তারিখের মধ্যে সকাল ০৯:০০ ঘটিকায় চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ - বরাবরে নিজ খরচে কাজে যোগদান করতে পারেন।

স্বাঃ/-

পরিচালক (প্রশাসন)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নথি নং- ১৮.০৪.০০০০.২৫০.১১.২৩৮(২).২০-২৮

তারিখ : ২২/০৬/২০২০ খ্রিঃ।

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা গেলঃ-

- ১। প্রধান চিকিৎসা কর্মকর্তা, চবক।
- ২। প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা, চবক।
- ৩। সিস্টেম এনালিস্ট, চবক।
- ৪। দপ্তর কপি।

২২/৬/২০

পরিচালক (প্রশাসন)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ